NYC শিশুদের পরিষেবা প্রশাসন

Bill de Blasio, মেয়র
David A. Hansell, কমিশনার

nycACS
NYC শিশু পরিষেবার প্রশাসন (NYC Administration for Child Services, ACS)

# নজরের বাইরে কিন্তু মনের বাইরে নয়:

## কারারুদ্ধ পিতা-মাতাদের জন্য গুরুত্বপূর্ণ তথ্য, যাদের বাচ্চারা পালক পরিচর্যায় আছেন



ACS Gগ্রাফিক্স 10/07

কারারুদ্ধ পিতা-মাতার বাচ্চারা কর্মসূচি

## দ্রষ্টব্য:



## সূচিপত্র


পরিচয়.....1

**পিতা-মাতা সংক্রান্ত অধিকার এবং দায়িত্ব**

পিতা-মাতা হিসেবে আপনার অধিকার.....2

পিতা-মাতার সংক্রান্ত চেকলিস্ট.....5

একজন পিতা-মাতা হিসেবে আপনার দায়িত্ব.....7

পিতা-মাতা সংক্রান্ত দায়িত্বের চেকলিস্ট.....9

পারিবারিক আদালতে আইনি প্রতিনিধিত্ব.....10

আপনার উকিলের কাছে জিজ্ঞাস্য প্রশ্ন.....12

পিতার জন্য গুরুত্বপূর্ণ তথ্য.....13

শিশু সহায়তা.....16

পালক পরিচর্যা নীতির ব্যাখ্যা.....17

পারিবারিক আদালতের প্রতি নমূনা পত্র.....23

সম্পদ.....25

**আপনার দ্রষ্টব্য: রেকর্ড রাখুন**

আমার কেস সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য.....26

পিতা-মাতা/শিশু যোগাযোগ রেকর্ড.....30

# স্বীকৃতি

এই হস্তপুস্তিকাটি অনেক লোকের মতামত সংগ্রহ করে লেখা হয়েছে এবং এর মধ্যে বর্তমানে ও অতীতে কারারুদ্ধ মাতা এবং পিতা, পরিষেবা প্রদানাকরী, উকিল এবং ACS কর্মীরা রয়েছে। তাদের মতামত এবং পরামর্শের জন্য তাদের সবাইকে কৃতজ্ঞতা জানানো হচ্ছে এবং কারাগার প্রকল্পের মহিলাদের কারারুদ্ধ মায়ের সমিতির (Incarcerated Mothers Committee of the Women in Prison Project) সদস্যদের এবং কারারুদ্ধ পিতা-মাতার কর্মসূচির বাচ্চারা (Children of Incarcerated Parents Program (CHIPP))-এর কর্মীসদস্যদের তাদের মূল্যবান অবদান, কঠিন পরিশ্রম, এবং অব্যাহত নিষ্ঠার জন্য বিশেষ ধন্যবাদ জানানো হচ্ছে।

# দ্রষ্টব্য:

## দ্রষ্টব্য:



## সূচনাঃ
## আপনার বাচ্চাদের ভবিষ্যতের পরিকল্পনা

যদি আপনি কারারুদ্ধ থাকেন এবং আপনার বাচ্চা পালক পরিচর্যায় থাকেন তাহলে এই পুস্তিকাটি আপনার জন্য। এটি শিশু কল্যাণ পদ্ধতি এবং পালক পরিচর্যায় আপনার বাচ্চার প্রতি আপনার অধিকার এবং দায়িত্ব সম্পর্কে আপনাকে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করবে। আপনার বাচ্চা হয়তো আপনার কারারুদ্ধ হওয়ার আগে থেকেই পালক পরিচর্যায় থাকে অথবা আপনার গ্রেপ্তারি এবং কারারুদ্ধ হওয়ার কারণে অথবা আপনার কারারুদ্ধ থাকার সময় পালক পরিচর্যায় প্রবেশ করেছে। যাই হোক না কেন, আপনার পরিস্থিতি এখন খুব কঠিন এবং হতাশাজনক অনুভূত হতে পারে। আপনি আপনার বাচ্চা সম্পর্কে চিন্তা করতে পারেন, তাদের অভাব বোধ করতে পারেন এবং এই কঠিন পরিস্থিতির মধ্যে কিভাবে আপনি লালন-পালন করবেন তা চিন্তা করতে পারেন। এটি আপনার জন্য খুব কঠিন এবং আগের মতো একই না হলেও - আপনি ভিতর থেকে লালন-পালন করতে পারেন এবং আপনার পক্ষ থেকে প্রত্যেকটি প্রয়াস করা খুবই গুরুত্বপূর্ণ।

আপনি কারারুদ্ধ থাকলেও, আপনার বাচ্চার ভবিষ্যতের জন্য সক্রিয়ভাবে পরিকল্পনা করা **খুবই গুরুত্বপূর্ণ**। আপনার বাচ্চা পালক পরিচর্যায় থাকাকালীন, সক্রিয়ভাবে পরিকল্পনা করার অর্থ হলো তাদের ACS কেস-এর সঙ্গে যুক্ত থাকা এবং কেসকর্মীর সঙ্গে যোগাযোগে থাকা। মুক্তি পাওয়ার পর আপনার বাচ্চার সঙ্গে পুনর্মিলনের জন্য (যদি আপনার শাস্তি খুব দীর্ঘ না হয়), একজন দায়িত্ববান পিতা-মাতা হিসেবে নিজেকে দেখাতে হবে এবং আপনার বাচ্চার জীবনের সাথে যুক্ত আছেন এবং যে কারণের জন্য আপনার বাচ্চাকে পালক পরিচর্যায় রাখা হয়েছে সেগুলি সমাধান করছেন। এই সমস্ত একটি নির্দিষ্ট সময়ের মধ্যে করতে হবে।

এই পুস্তিকাটি আপনাকে তথ্য এবং সম্পদ প্রদান করবে যা আপনাকে এটি করতে সাহায্য করবে। এটির মধ্যে আপনার অভিভাবকত্বের অধিকার এবং দায়িত্ব, আপনার পক্ষ থেকে পূরণ করার জন্য দুটি চেকলিস্ট, প্রায়শই ব্যবহৃত পালক পরিচর্যা নীতির ব্যাখ্যা, সম্পদের তালিকা, এবং আপনার শিশু কেসের ওপর আপডেট করা তথ্য রেকর্ড করার জন্য কেস তথ্য-পত্র রয়েছে।

## পিতা-মাতা সংক্রান্ত অধিকার এবং দায়িত্ব

পালক পরিচর্যায় বাচ্চার সহ একজন পিতা-মাতা হিসেবে, আপনার কিছু নির্দিষ্ট অধিকার এবং দায়িত্ব আছে। আপনার কেসকর্মী আপনার অনেকগুলি প্রশ্নের উত্তর দিতে পারে। আপনার নিজের পারিবারিক আদালত উকিলের সাথে কথা বলা উচিত; আপনার অবস্থান এবং আপনার কারারুদ্ধ থাকার সময় আপনার কেসের উদ্দেশ্যে পরিকল্পনা তৈরি করার জন্য যতটা তাড়াতাড়ি সম্ভব তাকে জানানো উচিত।

আপনার অধিকারের পরিষেবা পাওয়ার জন্য এবং আপনি আপনার অভিভাবকত্বের দায়িত্ব পূরণ করছেন বলে আপনার কেসকর্মীকে দেখানোর জন্য, আপনার কেসকর্মীর সঙ্গে একটি সম্পর্ক তৈরি করার উদ্দেশ্যে আপনার জন্য খুব গুরুত্বপূর্ণ - তিনি এখন আপনার পরিবারের জীবনের একজন গুরুত্বপূর্ণ ব্যক্তি এবং আপনি এবং আপনার কেসকর্মী দল হিসেবে একসাথে কাজ করলে আপনার বাচ্চা এবং আপনি উভয়ই উপকৃত হবেন। এটি সবসময় করা সহজ না হলেও এটি খুব গুরুত্বপূর্ণ।

### পিতা-মাতা হিসেবে আপনার অধিকার

❖ আপনার কাছে কেন আপনার বাচ্চাকে পালক পরিচর্যায় রাখা হয়েছে, কোন পালক পরিচর্যা এজেন্সিতে আপনার বাচ্চাকে রাখা হয়েছে এবং তাদের সঙ্গে পুনর্মিলনের জন্য আপানকে কী করতে হবে তা জানার অধিকার আছে।

❖ আপনার কাছে একজন পরিবারের সদস্য অথবা অন্যান্য সম্পদ ব্যক্তিকে চিহ্নিত করার অধিকার আছে যিনি পালক পরিচর্যার একজন বিকল্প অথবা পালক পিতা-মাতা হয়ে আপনার বাচ্চাদের সঙ্গে থাকুক বলে আপনি চাইবেন। ACS এই বিকল্পগুলি অনুসন্ধান করে দেখবে এবং এটি সম্ভব কিনা সে ব্যাপারে আলোচনা করবে।

❖ কে আপনার ACS কেসকর্মী তা জনার এবং আপনার বাচ্চা সম্পর্কে প্রশ্ন অথবা উদ্বেগ থাকলে কিভাবে তার সঙ্গে এবং তার সুপারভাইজারের সাথে যোগাযোগ করবেন তা জানার অধিকার আপনার কাছে আছে। যদি আপনার শিশুর কেসকর্মী পরিবর্তন হয় তাহলে আপনার কাছে এই পরিবর্তনের ব্যাপারে যথাসময়ে জানার অধিকার আছে।



## চুক্তি রেকর্ড

ID # (NYSID এবং বুক এবং কেস # অথবা DIN): ___________________________

কেন্দ্র: ___________________________

এজেন্সি: ___________________________

| নির্ধারিত সাক্ষাতের তারিখ: | প্রকৃত সাক্ষাতের তারিখ অথবা সাক্ষাতে না যাওয়ার জন্য কারণ | পত্র পাঠানো হয়েছে, কাকে, তারিখ, ঠিকানা | উত্তর তারিখ | যে ব্যক্তি উত্তর দিয়েছে তার নাম এবং তারিখ |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

যোগাযোগের প্রয়াস করা হয়েছে। এই রেকর্ডটি আপনার বাচ্চার জন্য যোগাযোগ এবং পরিকল্পনা করার প্রয়াসকে নথিভুক্ত করে

## পিতা-মাতা/বাচ্চা

পিতা-মাতার নাম: ______________________________________

বাচ্চার(দের) নাম (সমূহ):__________________________________

______________________________________

| যে ফোন নম্বরে কল করা হয়েছে | কল করার তারিখ | যে ব্যক্তি/ এজেন্সিকে কল করা হয়েছে তার নাম | রেখে দেওয়া বার্তা? |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

প্রত্যেকটি যোগাযোগের (ফোন, পত্র, মুখোমুখি) জন্য আপনার এই রেকর্ডটি রাখা খুব গুরুত্বপূর্ণ এবং



## পিতা-মাতা হিসেবে আপনার অধিকার

- আপনার কাছে পালক পরিচর্যা/ACS কেস, স্থগিত (আদালত) তারিখের সাথে সংযুক্ত যে কোনও পারিবারিক আদালত প্রক্রিয়ায় আপনার প্রতিনিধিত্ব করার জন্য একটি উকিলকে নির্ধারিত করার অধিকার আছে।
- যে কারণের জন্য আপনার বাচ্চাকে পালক পরিচর্যায় (উদাহরণস্বরূপ: অভিভাবকত্ব ক্লাস, মাদক অপব্যবহার চিকিৎসা ইত্যাদি) রাখা হয়েছে তা সমাধান করার জন্য সাহায্যের উদ্দেশ্যে আপনার কাছে লভ্য পরিষেবা পাওয়ার অধিকার আছে।
- আপনার কাছে আপনার শিশুর স্থায়িত্ব লক্ষ্য এবং সার্ভিস প্ল্যান (শর্তাদির ব্যাখ্যা দেখুন, পৃষ্ঠা 17), এবং পরিষেবা ও কর্মসূচির, যার সাথে আপনাকে সহযোগিতা করতে হবে এবং যে লক্ষ্যগুলি অর্জন করতে হবে বলে আপনার থেকে প্রত্যাশা করা হয় তা জানার অধিকার আছে। আপনার কাছে কনফারেন্সের 14 দিন আগে আপনার পরিবারের পারিবারিক দল সম্মেলনের (Family Team Conference, FTC) তারিখের লিখিত বিজ্ঞপ্তি পাওয়ার অধিকার আছে। প্রত্যেক 6 মাসে SPR আয়োজিত হয়।
- আপনার কাছে পারিবারিক দল সম্মেলনে (Family Team Conference, FTC) অংশগ্রহণ করার অধিকার আছে, যদিও কারারুদ্ধ থাকাকালীন এটি একটু কঠিন হতে পারে। কিছু ক্ষেত্রে (আপনি কোথায় কারারুদ্ধ আছেন তার ওপর নির্ভর করে), আপনার কেন্দ্রে SPR আয়োজন করা সম্ভব হতে পারে। যদি এটি সম্ভব না হয়, আপনার সংশোধনমূলক পরামর্শদাতা এবং কেসকর্মীর মাধ্যমে আয়োজিত ফোন কনফারেন্সের মাধ্যমে অংশগ্রহণ করতে পারেন। যাই হোক না কেন, আপনার কাছে কনফারেন্সে চর্চিত এবং তৈরি সার্ভিস প্ল্যানের একটি প্রতিলিপি পাওয়ার অধিকার আছে। সভা আয়োজনের 10 দিনের মধ্যে এটি আপনাকে ডাকযোগের মাধ্যমে পাঠানো উচিত।

## পিতা-মাতা হিসেবে আপনার অধিকার

- ❖ আপনার কাছে আপনার বাচ্চার সঙ্গে দেখা করার অধিকার আছে। যদি না আদালতের আদেশ থাকে, তাহলে আপনি ট্রাই-স্টেট এলাকায় (NY, NJ, CT) কারারুদ্ধ থাকলে আপনার এজেন্সি /ACS-এর অন্তত মাসিক সাক্ষাতের ব্যবস্থা করার প্রয়াস অবশ্যই করা উচিত। যদি দূরত্ব অথবা কেন্দ্রের নিয়ম মাসিক সাক্ষাৎকে কঠিন করে তোলে, আপনার কাছে আপনার বাচ্চার সাথে অন্যান্য ধরনের যোগাযোগ করার অধিকার আছে যেমন ফোন কল, টেলি-সাক্ষাৎ এবং পত্র। আপনাকে নিকটবর্তী এলাকায় স্থানান্তর করা হলে অথবা সাক্ষাতের অনুমতির জন্য সাক্ষাতের নিয়ম পরিবর্তন করা হলে অন্তত মাসিক সাক্ষাতের ব্যবস্থা করা উচিত। যদি আপনি নিয়মিত সাক্ষাৎ না পেয়ে থাকেন অথবা আপনার সাক্ষাতের সাথে সন্তুষ্ট না হন, আপনার নিজের কেসকর্মী অথবা তাদের সুপারভাইজারের সঙ্গে যোগাযোগ করা উচিত। আপনি 212-619-1309 নম্বরে ACS অফিস অফ অ্যাডভোকেসিজ পেরেন্টস এবং চিল্ড্রেন্স রাইটস হেল্পলাইন-এ কলও করতে পারেন।
- ❖ আপনার কাছে আসন্ন পারিবারিক আদালত তারিখের ব্যাপারে জানার এবং এই প্রক্রিয়ায় উপস্থিত থাকার অধিকার আছে। যদি আপনি কোনও আসন্ন আদালতের তারিখের ব্যাপারে জানেন, তাহলে উপস্থিত থাকার অনুরোধ করার জন্য আপনার নিজের উকিল, কেসকর্মী, ও সংশোধনমূলক পরামর্শদাতার সাথে কথা বলা উচিৎ। আপনি আপনার বাচ্চা সম্পর্কিত সমস্ত প্রক্রিয়ায় উপস্থিত থাকবেন বলে অনুরোধ করে পারিবারিক আদালতের বিচারপতিকে পত্র লিখতে পারেন। পৃষ্ঠা 23-এ একটি নমূনা পত্রও দেওয়া হয়েছে।
- ❖ আপনার কাছে আপনার বাচ্চার স্বাস্থ্য এবং বিকাশ, আচরণ এবং বিদ্যালয়ে প্রগতির ব্যাপারে সাম্প্রতিকতম তথ্য জানার ও আপনার বাচ্চার রিপোর্ট কার্ডের প্রতিলিপি পাওয়ার অধিকার আছে। আপনার কাছে আপনার বাচ্চা দ্বারা প্রাপ্ত চিকিৎসা পরিচর্যার জন্য সম্মতি (বেশির ভাগ) দেওয়ার অধিকার আছে (আপনার অভিভাবকত্ব অধিকার সমাপ্ত না করা হলে)।



## আরও গুরুত্বপূর্ণ অধিকারআমার ACS কেস সম্পর্কে

### আপনার ডিসচার্জ পরিকল্পনা:

গৃহ: ____________________________________________

____________________________________________

____________________________________________

____________________________________________

চাকরি: ____________________________________________

____________________________________________

____________________________________________

____________________________________________

বাচ্চাদের সাথে সাক্ষাৎ/পুনর্মিলন: ______________________

____________________________________________

____________________________________________

____________________________________________

মুক্তির পর কর্মসূচি: ________________________________

____________________________________________

____________________________________________

____________________________________________

## আমার ACS কেস সম্পর্কে আরও গুরুত্বপূর্ণ তথ্য

### আমার পারিবারিক আদালত তথ্য হলো:

বিচারপতির নাম: ______________________

পারিবারিক আদালত এবং ভাগ: ______________________

______________________

______________________

______________________

আদালতের তারিখ: ______________________

______________________

______________________

______________________

### সার্ভিস প্ল্যান:

আমাকে যে পরিষেবাগুলি সম্পূর্ণ করতে হবে (সবকটি লিখুন এবং আপনি যেগুলি সম্পূর্ণ করেছেন সেগুলির ওপর টিক চিহ্ন দিন): ______________________

______________________

______________________

______________________

প্রত্যাশিত মুক্তির তারিখ: ______________________



## ☐ চেকলিস্ট #1: আমার অভিভাবকত্ব অধিকার

- ○ কেন আমার বাচ্চাকে পালক পরিচর্যায় রাখা হয়েছে তার কারণ জানার আমার কাছে অধিকার আছে।
- ○ আমার কাছে পরিবার এবং অন্যান্যদের চিহ্নিত করার অধিকার আছে যাদেরকে আমি কারারুদ্ধ থাকার সময় আমার বাচ্চার পরিচর্যার জন্য সম্পদ হিসেবে অনুসন্ধান করার জন্য ACS-কে অনুরোধ করব।
- ○ পালক পরিচর্যা/ACS কেসের সঙ্গে যুক্ত যে কোনও পারিবারিক প্রক্রিয়ায় আমাকে প্রতিনিধিত্ব করার জন্য একটি উকিলকে নিযুক্ত করার আমার আছে অধিকার আছে।
- ○ আমার কাছে আমার বাচ্চার কেসকর্মী, তার সুপারভাইজার এবং পালক পরিচর্যা এজেন্সির নাম ও ঠিকানা জানার অধিকার আছে।
- ○ আমার বাচ্চার সঙ্গে পুনির্মিলনের জন্য আমাকে কোন পদক্ষেপগুলি নিতে হবে সে ব্যাপারে অবহিত থাকার অধিকার আমার কাছে আছে।
- ○ আমার কাছে এই পদক্ষেপগুলি সম্পূর্ণ করার জন্য সাহায্য পাওয়ার অধিকার আছে (উদাহরণস্বরূপ, অভিভাবকত্বের ক্লাস অথবা মাদক চিকিৎসার জন্য রেফার হওয়ার, আবাসন খুঁজতে সাহায্য গ্রহণ করা)।
- ○ আমার কাছে বাচ্চার পরিষেবা এবং স্থায়িত্ব পরিকল্পনা তৈরিতে অংশগ্রহণ করার এবং এই পরিকল্পনার একটি প্রতিলিপি পাওয়ার অধিকার কাছে।
- ○ আমার কাছে আমার পরিবারের পরিষেবা পরিকল্পনা পর্যালোচনা (service plan review, SPR)-এর তারিখ সম্পর্কে আগে থেকে জানার, আমার বাচ্চা/কেস সম্পর্কে এই সভায় অংশগ্রহণ করার এবং এই সভার তারিখ থেকে 10 দিনের মধ্যে একটি প্রতিলিপি পাওয়ার অধিকার আছে।
- ○ আমার কাছে আমার বাচ্চার সঙ্গে দেখা করার (যদি না আদালতের আদেশ সাক্ষাৎ নিষিদ্ধ করে), এবং আমার বাচ্চার সাক্ষাতের প্ল্যান তৈরিতে অংশগ্রহণ করার অধিকার আছে। আমি কারারুদ্ধ থাকার সময় আমার কাছে মাসে অন্তত একবার আমার বাচ্চার সঙ্গে দেখা করার অধিকার রয়েছে।

## ☐ চেকলিস্ট #1: আমার অভিবাবকত্ব অধিকার

- আমরা কাছে পারিবারিক আদালতের তারিখ সম্পর্কে জানার এবং উপস্থিত থাকার অধিকার আছে। আমার প্রত্যেকটি আদালতের তারিখের আগে এই সম্পর্কে আমার কেসকর্মী এবং উকিলের সাথে কথা বলা উচিত এবং নিজেই বিচারপতিকে পত্র লিখতে পারি। যদি কোনও কারণবশতঃ আমি উপস্থিত না থাকি তাহলে আমার তত্ক্ষণাত আমার উকিল অথবা কেসকর্মীর সঙ্গে যোগযোগ করা উচিত।
- যদি আমার কেস অন্য কোনও কেসকর্মীর কাছে স্থানান্তর করা হয় তাহলে আমার কাছে এই ব্যাপারে জানার এবং নতুন যোগাযোগ পাওয়ার অধিকার আছে।
- আমার কাছে আমার বাচ্চার স্বাস্থ্য এবং বিকাশ, সামগ্রিক আচরণ, বিদ্যালয়ে অগ্রগতির সাম্প্রতিকতম তথ্য এবং চিকিৎগত রিপোর্ট ও উৎকর্ষ পত্রের প্রতিলিপি গ্রহণ করার অধিকার আছে। আমার কাছে আমার বাচ্চার দ্বারা প্রাপ্ত (বেশিরভাগ) চিকিৎসাগত পরিচর্যার জন্য সম্মতি দেওয়ার অধিকার আছে (যদি না আমার অভিভাবকত্বের অধিকার অবসান করা হয়)



## আমার ACS কেস সম্পর্কে আরও গুরুত্বপূর্ণ তথ্য

আমার বাচ্চার(দের) পালক পিতা-মাতা(গণ) হলেন:

________________________________________

________________________________________

আমার বাচ্চা(রা) এখানে থাকেন (ঠিকানা):

________________________________________

________________________________________

________________________________________

বাচ্চার(দের) বিদ্যালয়ের(সমূহের) নাম এবং ঠিকানা:

________________________________________

________________________________________

________________________________________

বাচ্চার (দের) আইনি অভিভাবক (নাম, ফোন নম্বর, ঠিকানা):

________________________________________

________________________________________

________________________________________

________________________________________

আমার উকিলের নাম এবং নম্বরগুলি হলো:

________________________________________

________________________________________

________________________________________

## আমার ACS কেস সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য

বাচ্চা(দের) নাম(গুলি) এবং জন্ম তারিখ(গুলি):

________________________________________

________________________________________

________________________________________

________________________________________

### আমার বাচ্চারা নিম্নলিখিতের পরিচর্যাধীন আছে:

এজেন্সির নাম: ____________________________________

ঠিকানা: ____________________________________

____________________________________

____________________________________

কেসকর্মীর নাম: __________________________________

ফোন নম্বর: ____________________________________

সুপারভাইজারের নাম: ______________________________

ফোন নম্বর: ______________________________

আমার বাচ্চার(দের)ACS কেস নম্বর হলো:

________________________________________

আমার বাচ্চার(দের)ACS কেস নাম হলো (মায়ের নাম):

________________________________________



## একজন পিতা-মাতা হিসেবে আপনার দায়িত্ব

### পরিকল্পনা

- ❖ আপনার বাচ্চার হেফাজত ফেরত পাওয়ার জন্য আপনি তার জীবনের সাথে যুক্ত আছেন এবং তার ভবিষ্যতের পরিকল্পনা করছেন তা অবশ্যই দেখাতে হবে। এর মধ্যে রয়েছে আপনার কারারুদ্ধ থাকার সময় আপনার বাচ্চার জন্য স্থায়ী গৃহের ব্যবস্থা করা এবং বিশেষত যদি আপানাকে তাড়াতাড়ি মুক্ত করা হয় তাহলে আপনার মুক্তির সময়ের জন্য পরিকল্পনা। আপনি কারারুদ্ধ থাকার সময়, এই পরিকল্পনাটি আপনার আত্মীয় অথবা বন্ধুর সঙ্গে আপনার বাচ্চার থাকার জন্য হতে পারে যিনি বাচ্চার যত্নের জন্য সম্মতি দিয়েছেন এবং যার ACS অথবা অন্য কোনও আইনি ব্যবস্থা দ্বারা পরীক্ষণ এবং অনুমোদন করা হয়েছে।

- ❖ যদি আপনি আপনার বাচ্চার থাকার জন্য একটি স্থায়ী স্থানের ব্যবস্থা না করতে পারেন তাহলে আপনার বাচ্চাকে একজন অ-আত্মীয় পালক পিতা-মাতার কাছে রাখা হবে যিনি পুনর্মিলন সম্ভব না হলে তাদেরকে দত্তক নিতে ইচ্ছুক আছে। আপনার মনে রাখা উচিত যে পালক পরিচর্যা একটি অস্থায়ী বাসস্থান এবং এটি কিছু ব্যতিক্রম ছাড়া 15 মাসের চেয়ে বেশি সময়ের বেশি থাকবে না; যদি আপনি কারারুদ্ধ হন।

- ❖ এই এজেন্সি- আপনার সঙ্গে কাজ করার জন্য দায়বদ্ধ এবং এজেন্সির সাথে কাজ করার এবং সহযোগিতা করার জন্য আপনি দায়বদ্ধ। এর মধ্যে রয়েছে তাদের সঙ্গে যোগাযোগ করা এবং নিম্নলিখিত সার্ভিস প্ল্যানের প্রতি সম্মতি দেওয়া (সার্ভিস প্ল্যানের মধ্যে আপনার মতামত অবশ্যই থাকতে পারে এবং আপনার প্রয়োজন ও অসম্মতিও জানাতে পারেন) যদি আপনি এজেন্সির সঙ্গে কাজ করা প্রত্যাখান করেন তাহলে এজেন্সি আদালতে যেতে পারে এবং জানাতে পারে যে আপনি আপনার বাচ্চার জন্য "পরিকল্পনা তৈরি করতে ব্যর্থ হয়েছেন" এবং এর পরিণামস্বরূপ তারা আপনার অভিভাবকত্বের অধিকার অবসান করার অনুরোধ করতে পারে।

- ❖ যদি আপনি মনে করেন যে এজেন্সি আপনার সাথে কাজ করছে না এবং আপনার ভুল ব্যাখ্যা করছে তাহলে আপনার একজন উকিলের সাথে কথা বলা উচিত অথবা ACS অফিস অফ অ্যাডভোকেসিজ পেরেন্টস অ্যান্ড চিল্ড্রেন্স রাইটস হেল্পলাইন (212) 619-1309 নম্বরে কল করা উচিৎ (সোমবার - বৃহস্পতিবার, 9am থেকে 5pm)।

## একজন পিতা-মাতা হিসেবে আপনার দায়িত্ব

### যোগাযোগে থাকা

- আপনার বাচ্চার সঙ্গে যোগাযোগে থাকার জন্য আপনি প্রয়াস করবেন বলে আশা করা হয়। যদিও কারারুদ্ধ থাকার সময় এটি কঠিন হতে পারে, কাগজের প্রতিলিপি রাখা এবং প্রত্যেকটি যোগাযোগ এবং যোগাযোগের প্রয়াস নথিবদ্ধ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটির অর্থ হলো প্রত্যেকটি সাক্ষাতের সময়ের তালিকা (যদি এটি নাও ঘটে); আপনার দ্বারা আপনার বাচ্চার কেসকর্মীকে করা প্রত্যেকটি কল (যদি আপনি কোনও বার্তা রেখে থাকেন অথবা কেউ ফোনের উত্তর না দিলেও); আপনার পাঠানো জন্মদিনের কার্ড অথবা অন্য কোনও ডাকযোগ (আপনি কোনও প্রত্যুত্তর পেলেও) রাখা উচিত। পৃষ্ঠা 30-31-এ একটি নমুনা লগ অন্তর্ভুক্ত করা হয়েছে।
- আপনার দ্বারা আপনার ACS কেস সম্পর্কিত প্রাপ্ত সমস্ত পত্র এবং নথিপত্র সঙ্গে রাখবেন। এই সমস্ত আপনার কেসকর্মী এবং বিচারপতিকে দেখাতে সাহায্য করবে যে আপনি আপনার বাচ্চার এবং এজেন্সির সাথে যোগাযোগে থাকার প্রয়াস করেছেন।
- যদিও এজেন্সি/ACS-কে আপনার সঙ্গে যোগাযোগ এবং কাজ করার জন্য যুক্তিসঙ্গত প্রয়াস করতে হলেও আপনার বাচ্চা এবং আপনার কেসকর্মীর সাথে যোগাযোগ বজায় রাখা (সাক্ষাৎ, পত্র, অথবা ফোন কল), এবং আপনার অবস্থান সম্পর্ক তাকে জানানোর জন্য আপনিই দায়বদ্ধ। যদি আপনি আপনার বাচ্চার জন্য পরিকল্পনা না করেন এবং নিয়মিত যোগাযোগ না বজায় রাখেন তাহলে আপনার অভিভাবকত্বের অধিকার সমাপ্ত করা যেতে পারে। যদি 6 মাসের মেয়াদ কেটে যায় এবং আপনি আপনার বাচ্চা, আপনার কেসকর্মী, অথবা পালক পরিচর্যা এজেন্সির সঙ্গে যোগাযোগ না করেন তাহলে এটি আপনার দ্বারা বাচ্চার ত্যাগ হিসেবে বিবেচনা করা হবে এবং আপনার এজেন্সি আপনার অভিভাবকত্বের অধিকার সমাপ্ত করার জন্য এটিকে একটি কারণ হিসেবে ব্যবহার করতে পারে। তাই আপনার বাচ্চার এবং আপনার কেসকর্মীর সাথে নিয়মিত যোগাযোগ বজায় রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ।
- অন্য কোনও কেন্দ্রে আপনাকে স্থানান্তর করা হলে অথবা আপনার ঠিকানা পরিবর্তন করা হলে আপনার কেসকর্মীকে জানানোর জন্য আপনিই দায়বদ্ধ। একটি অবস্থান পরিবর্তন হওয়ার পর যতটা তাড়াতাড়ি সম্ভব আপনাকে অবশ্যই তাকে জানাতে হবে - যদি 6 মাস সময় কেটে যায় এবং আপনি আপনার কেসকর্মীর সঙ্গে যোগাযোগ না করেন তাহলে এটিকে ত্যাগ হিসেবে বিবেচনা করা হবে এবং সম্ভবতঃ আপনার অভিভাবকত্বের অধিকার সমাপ্ত করা যেতে পারে।



## ACS সম্পদ

- যদি আপনার পালক পরিচর্যা কেস সম্পর্কে আপনার কোনও সমস্যা থাকে অথবা কোনও প্রশ্ন থাকে তাহলে আপনি ACS পেরেটন্স অ্যান্ড চিল্ড্রেন্স রাইটস হেল্পলাইন কালেক্ট (212) 619-1309 নম্বরে কল করতে পারেন। **এই হেল্পলাইনটি সোমবার - শুক্রবার 9am থেকে 5pm পর্যন্ত লভ্য।** আপনি কল করার আগে আপনার কাছে নিম্নলিখিত তথ্যগুলি তৈরি রাখতে হবে: **আপনার নাম, কেসের নাম (জন্মদাতা মায়ের নাম),** আপনার **নিউ ইয়র্ক স্টেট ID (New York State ID, NYSID)/কেস বুকিং নম্বর,** আপনি যে কেন্দ্র থেকে কল করছেন, এবং **আপনার বাচ্চার(দের) নাম** এবং **জন্ম তারিখ।** আপনি এই ঠিকানায় অফিসকে পত্রও লিখতে পারেন:

  The Parent's and Children's Rights Unit
  Office of Advocacy
  Administration for Children's Services
  150 William Street, 1st floor
  New York, NY 10038

- আরও তথ্য অথবা সাক্ষাৎ আয়োজনের জন্য অনুগ্রহ করে ACS' কারারুদ্ধ পিতামাতা কর্মসূচির বাচ্চারা (ACS' Children of Incarcerated Parents Program, CHIPP)-কে কল করুন : (212) 341-4883. (212) 341-9669 অথবা (212) 442-5041

## বাইরের সম্পদ

- **শিশু সহায়তা বলবৎকরণ অফিস (Office of Child Support Enforcement):** **(212) 226-7125**
- **ফরচুন সোসাইটি (Fortune Society):** **(212) 206-7070**
- **ওসবার্ন অ্যাসোসিয়েশন (Osborne Association)/ পরিবার সংস্থান কেন্দ্র (Family Resource Center) হটলাইন:** **(212) 344-3314**
- **CHIPP টোল ফ্রি লাইন:** **(212) 341-3322**
- **Rikers Island সাক্ষাৎ:** **(212) 341-4883**
- **Upstate সাক্ষাৎ (মা):** **(212) 442-5041**
- **Upstate সাক্ষাৎ (পিতা):** **(212) 341-9669**

## নমুনা অনুরোধ পারিবারিক আদালতে পেশ করা যাবে না

মাননীয় (**এখানে বিচারপতির নাম**),
পারিবারিক আদালত বরোর ঠিকানা,
NY (**জিপ কোড**)

পার্ট _____/ডকেট নম্বর

**(তারিখ)**

মাননীয় বিচারপতি (**নাম**),

এই পত্রের মাধ্যমে অনুরোধ করা হচ্ছে যে আপনার, মাননীয় বিচারপতি _____, -এর সমক্ষে ____________তারিখে আমার উপস্থিতি মকুফ করা হোক।

আমি আমার বাচ্চার(দের) সম্পর্কে অত্যন্ত যত্নবান এবং তাদের ভবিষ্যতের জন্য পরিকল্পনা করছি। আমি বর্তমানে ______________কেন্দ্রে কারারুদ্ধ রয়েছি এবং _______________কারণের জন্য উপস্থিত না থাকার অনুরোধ করছি **(উদাহরণ: আমি আমার অভিভাবকত্বের কর্মসূচি-মাদক চিকিৎসা কর্মসূচি প্রায় সম্পূর্ণ করতে চলেছি)** এবং যদি আমাকে আসন্ন আদালত তারিখে উপস্থিত থাকতে হয় তাহলে আমি এই কর্মসূচিটি হারাব এবং আমার সময় আরও বিস্তার করতে হবে। আমার বাচ্চা(দের) সাথে পুনর্মিলনের জন্য এই কর্মসূচিটি প্রয়োজনীয়।

আমার সার্ভিস প্ল্যান সম্পূর্ণ করার স্বার্থে এবং যতটা তাড়াতাড়ি সম্ভব আমার বাচ্চাদের কাছে ফেরার উদ্দেশ্যে আমি উপস্থিত না থাকার অনুরোধ করছি। আমি আমার উকিল এবং কেসকর্মীর সাথে এই সিদ্ধান্ত সম্পর্কে আলোচনা করেছি।

**(আপনার কাছে লভ্য যে কোনও কর্মসূচি তথ্যের প্রতিলিপি, সম্পূর্ণ করার শংসাপত্র, কাউন্সেলার অথবা কর্মসূচি কর্মীর পত্রের প্রতিলিপিটি এখানে সংযুক্ত করুন)**

বিনীত,

**আপনার নাম**
**আপনার কেন্দ্র,**
**ID# ঠিকানা**



## ☐ চেকলিস্ট #2: আমার অভিভাবকত্বের দায়িত্ব

### পরিকল্পনা

- ❖ আমি আমার বাচ্চাদের জীবনের সাথে যুক্ত আছি বলে আমাকে অবশ্যই দেখাতে হবে এবং আমার বাচ্চা এবং এজেন্সির সাথে যোগাযোগ করার জন্য অবশ্যই নিয়মিত প্রয়াস করতে হবে।
- ❖ আমাকে আমার বাচ্চার জন্য স্থায়িত্বের প্ল্যান এবং আমার কেসের জন্য সার্ভিস প্ল্যান তৈরির উদ্দেশ্যে অবশ্যই অংশগ্রহণ করতে হবে।
- ❖ আমি এজেন্সির সাথে সহযোগিতা করার জন্য দায়বদ্ধ এবং আমার বাচ্চার ভবিষ্যতের পরিকল্পনার উদ্দেশ্যে আমার সঙ্গে কাজ করার জন্য এজেন্সি দায়বদ্ধ। আমার সঙ্গে কাজ করা বন্ধ করার উদ্দেশ্যে একটি এজেন্সিকে অবশ্যই আদালতে যেতে হবে; এটিকে "যুক্তিসঙ্গত প্রয়াসের নিলম্বন" বলা হয়।

### যোগাযোগে থাকা

- ❖ আমি আমার বাচ্চার কেসকর্মীর নাম, ফোন নম্বর, এবং ডাকযোগের ঠিকানা সম্পর্কে জানি এবং ফোন, পত্র, অথবা সাক্ষাতের মাধ্যমে তার সাথে যোগাযোগ করার নিয়মিত প্রয়াস করি।
- ❖ আমি পালক পরিচর্যা এজেন্সির ফোন নম্বর এবং ঠিকানা জানি যেখানে আমার বাচ্চাকে রাখা হয়েছে।
- ❖ আমি জানি যে আমাকে স্থানান্তর করা হলে অথবা আমার ঠিকানা/অবস্থান পরিবর্তন সহ আমাকে আমার অবস্থান সম্পর্কে আমার কেসকর্মীকে জানাতে হবে। আমাকে অবশ্যই নিয়মিতভাবে এবং অন্ততঃ প্রত্যেক 6 মাসে আমার ঠিকানা সম্পর্কে তাকে জানাতে হবে।
- ❖ আমি জানি যে যদি আমি 6 মাসের মেয়াদের জন্য আমার বাচ্চা, কেসকর্মী, অথবা পালক পরিচর্যা এজেন্সির সাথে যোগাযোগে (সাক্ষাৎ, পত্র, অথবা ফোন কলের মাধ্যমে) না থাকি তাহলে এটিকে আমার পক্ষ থেকে ত্যাগ হিসেবে বিবেচনা করা যেতে পারে এবং আমার অভিভাবকত্বের অধিকার অবসান করার জন্য ভিত্তি হিসেবে ব্যবহার করা যেতে পারে।
- ❖ আমাকে আমার বাচ্চা সম্পর্কিত সমস্ত পত্রাবলির প্রতিলিপি অবশ্যই রাখতে হবে। যদি আমি আমার পত্রের প্রতিলিপি না তৈরি করতে পারি, তাহলে আমাকে কনট্যাক্ট লগে সেগুলি পাঠানোর তারিখ এবং কাকে পাঠানো হয়েছে তা লিখে রাখতে হবে। এই লগের মধ্যে আমার দ্বারা করা সমস্ত ফোন কল (এমনকি যেখানে আমি যোগাযোগ করতে পারিনি) এবং আমার সাক্ষাতের রেকর্ডের (যেগুলি নিশ্চিত করা হয়েছিল কিন্তু আয়োজিত হয়নি) তালিকা থাকতে হবে।

## পারিবারিক আদালতে আপনার আইনি প্রতিনিধিত্ব

### আপনার উকিলের সঙ্গে কথা বলার ব্যাপারে জেনে রাখার জন্য গুরুত্বপূর্ণ বিষয়

- ❖ আপনার উকিল হলো আপনার জন্য একটি সম্পদ এবং ওকালতকারী। যদিও তার সঙ্গে সবসময় যোগাযোগ করা সহজ নাও হতে পারে, আপনি আপনার প্রশ্ন এবং উদ্বিগ্নতার ব্যাপারে পত্র লিখতে পারেন।
- ❖ আপনি প্রথমবার উকিলের সঙ্গে দেখা করার সময় তার নাম, ফোন নম্বর এবং যোগাযোগ তথ্য নিয়ে নেবেন এবং একটি নিরাপদ জায়গায় সেটি রেখে দেবেন। আপনি এই পুস্তিকার 26 নং পৃষ্ঠায় গুরুত্বপূর্ণ তথ্য বিভাগেও লিখতে পারেন।
- ❖ আপনার উকিল আপনাকে প্রায়শই আপনার কেস, আপনার বাচ্চা এবং পালক পরিচর্যা কেসকর্মীর ব্যাপারে তথ্য খুঁজতে সাহায্য করতে পারে।
- ❖ আপনার কেসকর্মী এবং আপনার উকিল উভয়ের সাথে যোগাযোগে থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনার উকিল যেন আপনার জন্য অবশ্যই ACS উকিলকে কল করতে পারে এবং তথ্য সংগ্রহ করতে পারে এবং এর সাথে আপনার উদ্বিগ্নতাও জানাতে পারে।
- ❖ আপনার আদালতের তারিখের আগেই আপনার উকিলের সাথে কথা বলার ব্যবস্থা করুন, এমনকি এটি কঠিন হলেও।
- ❖ প্রত্যেকটি আদালতের তারিখ এবং আপনার উকিলের সাথে যে কোনও মিটিংয়ে চিকিৎসাগত রেকর্ড, আদালতের পত্রাদি, সম্পূর্ণ করার শংসাপত্র এবং কাউন্সালারের সুপারিশ সহ আপনার সমস্ত নথিপত্রাদি সঙ্গে নিয়ে আসবেন। আপনি কারারুদ্ধ থাকার কারণে যদি আপনি নিজে এটি না নিয়ে আসতে পারেন তাহলে ডাকযোগের মাধ্যমে এটি আপনার উকিলকে পাঠান। আপনার উকিলের কাছে আপনার নথিপত্রাদি আছে, এরকম ধারণা তৈরি করা উচিত নয়।



## পারিবারিক আদালতে উপস্থাপন করার জন্য পারিবারিক আদালতে পেশ করা যাবে না

মাননীয় (**এখানে বিচারপতির নাম**),
পারিবারিক আদালত বরোর ঠিকানা, NY
(**জিপ কোড**)

পার্ট ______/ডকেট নম্বর

**(তারিখ)**

মাননীয় বিচারপতি (**নাম**),

আমার নাম হলো **(এখানে আপনার নাম) (জন্ম তারিখ, DOC/DOCS নম্বর)** আমি বর্তমানে (**কেন্দ্রের নাম**)-এ কারারুদ্ধ। আমি আপনাকে এই পত্র লিখছি কারণ আমি আমার বাচ্চা(দের) সম্পর্কিত যে কোনও এবং সমস্ত প্রক্রিয়ায় পারিবারিক আদালতে উপস্থিত থাকতে ইচ্ছুক। আমি বুঝেছি যে উপস্থিত থাকার আদেশ অবশ্যই আমার স্টেট ফেসিলিটি এবং/অথবা Rikers Island প্রধান ক্লার্কের কাছে ইনমেট রেকর্ড অফিসে পাঠাতে হবে।

বর্তমানে, আমার সমক্ষে আমার বাচ্চা(দের) সংক্রান্ত পালক পরিচর্যা কেস আছে, **(নাম(গুলি), জন্ম তারিখ এবং ডকেট # লিখুন, যদি থাকে)** আমি আপনার আদালতে উপস্থিত থাকতে এবং আমার বাচ্চা(দের) সম্পর্কিত সিদ্ধান্তে যুক্ত থাকতে ইচ্ছুক।

আপনার সহায়তার জন্য ধন্যবাদ বিনীত,
আপনার নাম
আপনার কেন্দ্রে, ID#
ঠিকানা

## প্রায়শই ব্যবহৃত পালক পরিচর্যা শব্দাবলীর ব্যাখ্যা

❖ **ঐচ্ছিক আত্ম-সমর্পণ** পালক পরিচর্যা এবং দত্তগ্রহণের প্রসঙ্গে, এই শব্দটি ঐচ্ছিককে (নির্বাচিত) রেফার করার জন্য ব্যবহার করা হয় - অনৈচ্ছিকের (আদালতের আদেশ অনুযায়ী) বিপরীত - বাচ্চা জন্মদাতা পিতা-মাতার দ্বারা অভিভাবকত্বের অধিকারে আত্ম-সমর্পণ (ত্যাগ করা)। এটি আপনার অভিভাবকত্বের অধিকার অবসান না করে বাচ্চার জন্য স্থায়ী, দত্তক সংক্রান্ত ব্যবস্থা অর্জন করার একটি উপায়। এটির অর্থ এই নয় যে আপনার কাছে আপনার বাচ্চার জন্য আর আইনি অবিভাবকত্বের অধিকার থাকবে না। একজন পিতা-মাতা আনুষ্ঠানিক লিখিত ত্যাগ অথবা দত্তক নথিপত্রের সম্মতি-পত্রে স্বাক্ষর করার পর একটি বাচ্চা দত্তকের জন্য আইনত মুক্ত হয়ে যায়, এটি সাধারণত সাক্ষী এবং/অথবা নোটারি পাবলিকের উপস্থিতিতে ঘটে।

❖ **শর্তসাপেক্ষ আত্মস-মর্পণ:** নিউ ইয়র্কে একজন জন্ম-দাতা পিতা-মাতাকে উপরোক্ত অনুযায়ী ঐচ্ছিক আত্ম-সমর্পণ করার এবং তার মধ্যে কিছু নির্দিষ্ট আত্ম-সমর্পণ শর্তাবলী উল্লেখ করার অনুমতি দেয়। যে পিতা-মাতা নিজের বাচ্চার অভিভাবকত্বের অধিকার আত্ম-সমর্পণ অথবা ত্যাগ করছে, তিনি এর মধ্যে কিছু নির্দিষ্ট ব্যতিক্রম উল্লেখ করেন যা লিখিত আত্ম-সমর্পণ নথিপত্রে অন্তর্ভুক্ত থাকে না। উদাহরণস্বরূপ, একজন পিতা আত্ম-সমর্পণের শর্ত হিসেবে উল্লেখ করতে পারেন যে তিনি বাচ্চাকে দত্তক দেওয়ার পর সাক্ষাতের নিজের অধিকার সংরক্ষিত রাখছেন। যদিও, আত্ম-সমর্পণের শর্তাবলী বলবৎ করা যাবে বলে কোনও নিশ্চয়তা দেওয়া হয় না (এমনকি আদালত দ্বারাও)। কেবল পালক পরিচর্যায় থাকা বাচ্চাদের ক্ষেত্রে শর্তাধীন আত্ম-সমর্পণ প্রযোজ্য হবে।



## পারিবারিক আদালতে আপনার আইনি প্রতিনিধিত্ব

❖ অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনার উকিল জানেন যে প্রত্যেকটি আদালতের তারিখের জন্য বিচারপতি আপনার কেন্দ্রের কাছে একটি "উপস্থিতি আদেশ" জারি করবে, যাতে আপনাকে আদালতের তারিখে নিয়ে আসা যায়। আপনার উকিলকে প্রত্যেকটি আদালতের তারিখে এটির জন্য বিচারপতিকে অনুরোধ করতে হবে। অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনার উকিল জানেন যে আপনি প্রত্যেকটি আদালতের তারিখে উপস্থিত থাকতে ইচ্ছুক। আপনি নিজেও আদালতের কাছে পত্র লিখতে পারেন; পৃষ্ঠা 23-এ একটি নমুনা পত্র অন্তর্ভুক্ত করা হয়েছে।

❖ যদি আপনি কর্মসূচি হারাবেন এই কারণে আদালতে উপস্থিত থাকতে ইচ্ছুক <u>না</u> হন (উদাহরণস্বরূপ), তাহলে প্রথমে আপনার উকিলের সাথে আলোচনা করা উচিত। যদি সম্মতি জ্ঞাপন করা হয় যে উপস্থিত না থাকা আপনার জন্য শ্রেয় তাহলে পৃষ্ঠা 24-এ এই অনুরোধের একটি নমুনা পত্রও রয়েছে।

❖ যদি আপনি আদালতে উপস্থিত থাকতে ইচ্ছুক <u>না</u> হন তাহলে আদালত আপনাকে ছাড়াই প্রক্রিয়া আরম্ভ করতে পারবে। আপনি সেখানে না থাকলেও আপনার প্রতিনিধিত্ব করার জন্য আপনি আপনার উকিলকে অনুমতি দিতে পারেন। <u>কেন আপনি উপস্থিতি না থাকার বিকল্প বেছে নিয়েছেন তা ব্যাখ্যা করা</u> খুবই গুরুত্বপূর্ণ যাতে আদালত এরকম না ভাবে যে আপনি আপনার বাচ্চা সম্পর্কিত পরিকল্পনায় এবং সিদ্ধান্ত গ্রহণের প্রতি আগ্রহী নন।

❖ আপনার মুক্তির তারিখের ব্যাপারে আপনার উকিলকে জানান এবং সাম্প্রতিকতম তথ্য প্রদান করুন।

❖ যদি আপনার আসন্ন মুক্তির তারিখ থাকে, আপনার উকিলের সাথে অনুসন্ধান করুন যে তিনি আপনাকে আপনার কমিউনিটিতে কোন পিতা-মাতা-শিশু কর্মসূচিতে নথিভুক্ত করতে পারবেন কিনা এবং এর সঙ্গে অন্য কোনও আবশ্যক পরিষেবা যেমন মাদক অপব্যবহার চিকিৎসা, গৃহ, নিয়োগ এবং আরও অনেক কিছুর জন্য রেফার করতে পারবেন কিনা।

❖ পালক পরিচর্যা এজেন্সি এবং আপনার বাচ্চার সাথে যোগাযোগের সমস্ত নথি রাখুন এবং আপনার উকিলকে একটি প্রতিলিপি দিন। এই নির্দেশিকার সমাপ্তিতে একটি নমুনা লগ অন্তর্ভুক্ত রয়েছে।

❖ যদি আপনি জানেন যে আপনাকে দীর্ঘ সময়ের জন্য কারারুদ্ধ করা হবে এবং যে ব্যক্তি আপনার বাচ্চার পরিচর্যা করছেন আপনি তার সাথে সন্তুষ্ট তাহলে আপনি উকিলের সাথে একটি ঐচ্ছিক অথবা শর্তসাপেক্ষ আত্ম-সমর্পণ আলোচনা করতে পারেন। এগুলি পৃষ্ঠা 22-এ ব্যাখ্যা করা হয়েছে।

## যে গুরুত্বপূর্ণ বিষয়গুলি আপনার উকিলকে জিজ্ঞাসা করতে হবে

### আপনার উকিলকে নিম্নলিখিত বিষয়ে জিজ্ঞাসা করুন:

- আপনার কেস সম্পর্কে তথ্য (যদি আপনি ইতিমধ্যে আপনার কেসকর্মীর থেকে না পেয়ে থাকেন), যেমন নাম, কেসকর্মী, এবং সুপারভাইজার;
- শিশু কল্যাণ এজেন্সি এবং আপনার উকিল দ্বারা জমা করা সমস্ত আদালতের নথিপত্রের প্রতিলিপি;
- পারিবাকি আদালতে বিচারপতির নাম যিনি আপনার কেস শুনছেন;
- আপনার কেসের ডকেট নম্বর
- আপনার বাচ্চা এবং আপনার কেস সম্পর্কে আপনার উকিলের কাছে লভ্য কোনও অতিরিক্ত নথিপত্রের প্রতিলিপি।

### আপনার উকিলকে অনুরোধ করুন:

- সব আদালতের তারিখ সম্পর্কে আপনাকে জানানোর জন্য;
- যে কোনও আইনি শব্দ ব্যাখ্যা করার জন্য, যা আপনি বোঝেন না;
- ASFA মেয়াদ সহ পালক পরিচর্যা এবং পারিবারিক আদালত প্রক্রিয়া ব্যাখ্যা করার জন্য;
- আপনার বাচ্চার "স্থায়িত্ব উদ্দেশ্য" কি ব্যাখ্যা করার জন্য, কিভাবে এবং কখন এটি পরিবর্তন হবে এবং এটিকে প্রভাবিত করার জন্য আপনি কি করতে পারেন।

### আপনার পক্ষ থেকে আপনার উকিল যে পদক্ষেপ নিতে পারে:

- যদি আপনার পালক পরিচর্যা কেসকর্মীর সাথে যোগাযোগ করতে অসুবিধা হয় তাহলে সাহায্যের জন্য আপনার উকিলকে অনুরোধ করুন।
- আপনার বাচ্চার সঙ্গে পুনর্মিলনের উদ্দেশ্যে আপনাকে কী করতে হবে সে ব্যাপারে আপনি অনিশ্চিত থাকলে, আপনার উকিলকে এই সম্পর্কে ACS উকিল, কেসকর্মী অথবা সুপারভাইজারে কাছ থেকে জানতে বলুন।
- যদি আপনি কোনও আদালতের তারিখে উপস্থিত না থাকেন, আপনার উকিলকে কী ঘটেছে তার ব্যাখ্যা সহ একটি পত্র লেখার জন্য অনুরোধ করুন।
- যদি আপনার এজেন্সি মাসিক সাক্ষাতের জন্য আপনার বাচ্চাকে না নিয়ে আসে আপনার উকিলকে ACS উকিল অথবা কেসকর্মীর সঙ্গে এটি সমাধান করার অনুরোধ করুন।
- যদি আপনি আদালত অথবা এজেন্সি দ্বারা আবশ্যক সাক্ষাৎ অথবা অন্যান্য পরিষেবা সুবিধা না পান, আপনার পক্ষ থেকে ব্যবস্থা নেওয়ার জন্য আপনার উকিলকে অনুরোধ করুন।



## প্রায়শই ব্যবহৃত পালক পরিচর্যা শব্দাবলীর ব্যাখ্যা

- **TPR:** অভিভাবকত্বের অধিকারে অবসান (Termination of parental rights, TPR) হলো একটি আইনি প্রক্রিয়া যা আপনার এবং আপনার বাচ্চার মধ্যে আইনি সংযোগকে সমাপ্ত করে। একজন পিতা-মাতা হিসেবে আপনার অধিকার অবসান করা হলে আপনার কাছে আপনার বাচ্চাকে দেখার অথবা যোগাযোগ করার কোনও আইনি অধিকার থাকবে না। এটি একটি গুরুতর এবং চূড়ান্ত সিদ্ধান্ত, যা কদাচিৎ পরিবর্তন করা হয়। আপনার বাচ্চার অধিকার অবসান করার দুটি প্রধান কারণ আছে: ত্যাগ এবং স্থায়ী উপেক্ষা (অনুগ্রহ করে নিচে দেখুন) কারারুদ্ধ থাকার অর্থ এই নয় যে আপনি আপনার বাচ্চাকে আপনাআপনিই "ত্যাগ" অথবা "স্থায়ীভাবে" উপেক্ষা করেছেন এবং TPR-এর জন্য একক কারণ হিসেবে ব্যবহার করা যাবে না। একই সময়ে আপনি কারারুদ্ধ থাকলেও, আপনার কাছে আপনার বাচ্চার ভবিষ্যৎ সক্রিয়ভাবে পরিকল্পনা করার অধিকার আছে

- **ত্যাগ:** এটি TPR-এর জন্য একটি কারণ। একজন কারারুদ্ধ পিতা-মাতা হিসেবে, যদি আপনার 6 মাসের মেয়াদের জন্য আপনার বাচ্চা অথবা আপনার কেসকর্মী অথবা আপনার পালক পরিচর্যা এজেন্সির সাথে কোনও রকম যোগাযোগ না থাকে তাহলে আপনি আপনার বাচ্চাকে ত্যাগ করেছেন হিসেবে বিবেচনা করা হয়। এই কারণে আপনার বাচ্চার সাথে যোগাযোগ করার, দেখা করার, কথা বলার, অনুসন্ধান করার আপনার **সমস্ত** প্রয়াস নথিবদ্ধ করা খুবই গুরুত্বপূর্ণ (সাক্ষাৎ, ফোন কল, পত্র, ইত্যাদি সহ) সময়ে সময়ে কয়েকবার যোগাযোগ করা যথেষ্ট নয়।

- **স্থায়ী উপেক্ষা** এটি TPR-এর জন্য একটি কারণ। একজন কারারুদ্ধ পিতা-মাতা হিসেবে আপনার বাচ্চা অন্ততঃ 12 মাসের জন্য পালক পরিচর্যার মধ্যে থাকলে আপনি আপনার বাচ্চাকে স্থায়ীভাবে উপেক্ষা করেছেন বলে বিবেচনা করা হয়; এজেন্সি "পরিশ্রমী প্রয়াস" (আপনার এবং আপনার বাচ্চার মধ্যে অর্থপূর্ণ সম্পর্ক তৈরি ও উৎসাহিত করার সাহায্যে প্রকৃত এবং ধারাবাহিক প্রয়াস করেছে), অথবা একজন বিচারপতির কাছ থেকে আদেশ সংগ্রহ করেছে যে এরকম করার প্রয়োজন নেই; এবং আপনি হয়তো আপনার বাচ্চা এবং এজেন্সির সাথে নিয়মিত যোগাযোগ বজায় রাখতে ব্যর্থ হয়েছেন অথবা আপনার বাচ্চার ভবিষ্যৎ পরিকল্পনায় ব্যর্থ হয়েছেন।

# প্রায়শই ব্যবহৃত পালক পরিচর্যা শব্দাবলীর ব্যাখ্যা

- **পুনর্মিলন:** একটি প্রক্রিয়া যার মাধ্যমে আপনি এবং আপনার বাচ্চা(রা) আবার এক সাথে আসেন এবং আপনার পরিবারের পুনর্নির্মাণ করেন। যদি আপনার বাচ্চা স্থায়িত্বের লক্ষ্য "পিতা-মাতার কাছে ফিরে যাওয়া," হয়, এটি "পুনর্মিলনের" লক্ষ্য হিসেবেও পরিচিত তাহলে আপনার বাচ্চাকে ফিরে পাওয়ার জন্য আপনাকে কোন কোন পদক্ষেপগুলি নিতে হবে সে ব্যাপারে আপনার কেসকর্মীর সঙ্গে কথা বলুন। যদিও আপনার মুক্তি পর্যন্ত আপনার বাচ্চাকে আপনাকে ফেরত দেওয়া যাবে না কিন্তু এমন কিছু পরিষেবা থাকতে পারে যা আপনি কারারুদ্ধ থাকার সময় নিয়মিত সাক্ষাৎসহ পুনর্মিলন প্রক্রিয়ায় সাহায্যের জন্য আরম্ভ করতে পারেন। আপনি আপনার মুক্তির তারিখের নিকট পৌঁছানোর সময় আপনার কেসকর্মীর আপনার সঙ্গে কোনও অবশিষ্ট পরিষেবার প্রয়োজন, থাকার ব্যবস্থা এবং আপনার বাচ্চার সাথে পুনর্মিলনের জন্য অবশিষ্ট পদক্ষেপের ব্যাপারে কথা বলা উচিত।

- **যুক্তিসঙ্গত/পরিশ্রমী প্রয়াস:** পালক পরিচর্যা এজেন্সি/ ACS -এর আপনার এবং আপনার বাচ্চার মধ্যে অর্থপূর্ণ সম্পর্ক তৈরি ও উৎসাহিত করতে সাহায্য করার জন্য প্রকৃত এবং ধারাবাহিক প্রয়াস করা উচিত এবং এর সাথে আপনার বাচ্চার আপনার কাছে বাড়িতে ফেরার জন্য পরিষেবাগুলি মূল্যায়ন এবং সম্পূর্ণ করার জন্য সাহায্যও করা উচিৎ।

- **উপস্থাপিত করার আদেশ** এই নথিপত্রটি পারিবারিক আদালত দ্বারা জারি করা হয় যাতে উল্লেখ থাকে যে আপনি যে সংশোধন কেন্দ্রে আছেন তাদেরকে নিশ্চিত তারিখে অবশ্যই আপনাকে পারিবারিক আদালতে নিয়ে আসতে হবে। যদি আপনি আসন্ন আদালতের তারিখের ব্যাপারে জানেন তাহলে একটি আদেশ জারি করা হোক বলে আপনি অবশ্যই চাইবেন। আপনি আপনার উকিল, কেসকর্মী, এবং সংশোধনমূলক পরামর্শদাতার সাথে যোগাযোগ করে এটি করতে পারবেন। যদিও আদালতে উপস্থিত হওয়া অসুবিধাজনক মনে হতে পারে কিন্তু <u>আপনার বাচ্চার জীবন সম্পর্ক সিদ্ধান্তের ব্যাপারে আলোচনা এবং নির্ণয়ের সময় আদালতে উপস্থিত থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।</u>



# পিতার জন্য গুরুত্বপূর্ণ তথ্য

যদি আপনার বাচ্চা পালক পরিচর্যায় আছে অথবা আপনি মনে করেন যে সে পালক পরিচর্যায় আছে তাহলে আপনার তৎক্ষণাৎ বাচ্চার পালক পরিচর্যা এজেন্সির সাথে যোগাযোগ করা উচিৎ। যদি আপনি এজেন্সির নাম না জানেন তাহলে আপনি ACS অফিস অফ অ্যাডভোকেসিস হেল্প কালেন্ট কে (212) 619-1309, নম্বরে অথবা নিয়মিত হেল্পলাইন (212) 676-9421 নম্বরে কল করতে পারেন (সোমবার - বৃহস্পতিবার, 9am থেকে 5pm)।

এই পুস্তিকায় উল্লেখিত অভিভাবকত্বের অধিকার ব্যবহার করার জন্য আপনাকে পিতৃত্ব স্থাপিত করতে হবে (আপনি একজন আইনি পিতা প্রমাণ করতে হবে)

## গুরুত্বপূর্ণ তথ্য যা আপনার জানা উচিত:

- যদি আপনি মাকে অতীতে বিবাহ করে থাকেন অথবা বর্তমানে বিবাহিত থাকেন তাহলে বিবাহিত থাকার সময় মা বাচ্চাকে গর্ভধারণ অথবা জন্ম দিয়ে থাকলে আপনাকে বাচ্চার পিতা হিসেবে বিবেচনা করা হবে এবং পিতৃত্ব স্থাপিত করতে হবে না।
- যদি আপনার বাচ্চার গর্ভধারণের সময় অথবা জন্মের সময় আপনি মাকে বিবাহ না করে থাকেন তাহলে আপনাকে আপনার বাচ্চার আইনি পিতা হিসেবে বিবেচনা করা হবে না এবং পিতৃত্ব প্রমাণ করতে হবে (যে আপনি হলেন বাচ্চার পিতা)। অনেকগুলি উপায়ের মাধ্যমে পিতৃত্ব প্রমাণ করা যেতে পারে এবং এর ফলে আপনিই হলেন আপনার বাচ্চার আইনি পিতার বিবৃতি সহ আদালতের আদেশ গ্রহণ করবেন।
- বাচ্চার জন্ম শংশাপত্রের ওপর আপনার নাম আপনাআপনিই আপনাকে আপনার বাচ্চার আইনি পিতা হওয়ার পরিচয় দেয় না। উদাহরণস্বরূপ, এটি আপনাকে আপনার বাচ্চার দত্তকগ্রহণ বিরোধের অধিকার প্রদান করে না। যদি আপনি জন্ম শংসাপত্রের ওপর আপনার নাম উল্লেখ করার জন্য আনুষ্ঠানিকভাবে সম্মতি দিয়ে থাকেন তাহলে আপনার কাছে কিছু নির্দিষ্ট আইনি প্রক্রিয়ার ব্যাপারে বিজ্ঞপ্তি পাওয়ার অধিকার আছে।
- আপনি আপনার বাচ্চার মায়ের সাথে একাধিক বছরের জন্য বসবাস করে থাকলে এবং নিজেকে স্বাভাবিক আইনি স্বামী হিসেবে বিশ্বাস করলে, এটি আপনাকে বাচ্চার আইনি পিতা হিসেবে পরিচয় দেয় না।

# পিতা-মাতাদের জন্য গুরুত্বপূর্ণ তথ্য

## পিতৃত্ব প্রমাণ করা

যদি আপনার বাচ্চা পালক পরিচর্যায় থাকে, একজন পিতা হিসেবে আপনার অধিকার স্থাপন করার জন্য আপনাকে প্রথম যে বিষয়টি স্থাপন করার প্রয়াস করা উচিত তা হলো কেসকর্মীকে আপনার পিতা হওয়া সম্পর্কে জানানো এবং কেসকর্মীকে তদন্ত করার অনুমতি দেওয়া। আপনার বাচ্চার জীবনের সাথে আপনার অতীতের অংশগ্রহণের ব্যাপারে আপনার কেসকর্মীকে জানান, যেমন বাচ্চার জীবনের প্রথম 6 মাসের জন্য আপনি বাচ্চা অথবা বাচ্চার মায়ের সঙ্গে বসবাস করেছেন কিনা; অথবা শিশু সহায়তা অবদান করেছেন কিনা; অথবা বাচ্চার জন্মপূর্ব পরিচর্যার জন্য অবাদন করেছেন কিনা অথবা আপনার বাচ্চার জীবনের সাথে অন্যভাবে যুক্ত ছিলেন কিনা। একটি সার্ভিস প্ল্যান তৈরি করার জন্য কেসকর্মীর আপনার সঙ্গে কাজ করা উচিৎ এবং যতটা তাড়াতাড়ি সম্ভব আপনার সহযোগিতা করা আরম্ভ করা উচিতৎ।

## পিতৃত্ব প্রমাণ অথবা স্থাপন করার জন্য আপনি যে পদক্ষেপ নিতে পারেন, তার মধ্যে রয়েছে:

- ❖ পিউটেটিভ ফাদার রেজিস্ট্রির সাথে পিতৃত্বের স্বীকৃতি জমা করা (প্রস্তাবিত ফর্মে হলফনামা) অনুগ্রহ করে খেয়াল রাখবেন: এই স্বীকৃতিটি আপনাকে বাচ্চার আইনি পিতা হিসেবে পরিয়ে দেয় না, যদিও এটি আপনাকে কিছু নির্দিষ্ট আইনি প্রক্রিয়ার ব্যাপারে জানার অধিকার প্রদান করে।
- ❖ যে কাউন্টিতে বাচ্চা অথবা বাচ্চার মা বসবাস করেন সেখানকার পারিবারিক আদালতে ফাইলেশনের (পিতৃত্ব) আদেশের আবেদন জমা করার অধিকার।
- ❖ আপনার আবেদনের প্রতিলিপি মায়ের কাছে পাঠানোর অধিকার। এটি 18 বছরের বেশী বয়সী একজন ব্যক্তি দ্বারা আবেদন প্রতিলিপি বাচ্চার মায়ের কাছে পাঠানোর মাধ্যমে অর্জন করা হয়। এটি পারিবারিক আদালতে পিতৃত্ব প্রক্রিয়ার ব্যাপারে মাকে জানাবে যাতে তিনি উপস্থিত থাকতে পারেন।



# প্রায়শই ব্যবহৃত পালক পরিচর্যা শব্দালীর শব্দাবলীর ব্যাখ্যা

আপনার সাথে, তার ভাই-বোনের (যদি না একই বাড়িতে রাখা হয়) এবং যাদের সঙ্গে তারা ঘনিষ্ঠ তাদের সাথে সংস্পর্শে থাকার জন্য ব্যবস্থা, সাক্ষাতের পরিকল্পনা এবং তার সুস্বাস্থ্য ও ভবিষ্যৎ সম্পর্কিত অন্যান্য সমস্যা। আপনার কাছে উভয় কনফারেন্সে অংশগ্রহণ করার অধিকার আছে - যদি আপনি রাইকার্স আইল্যান্ডে কারারুদ্ধ থাকে, তাহলে আপনি ব্যক্তিগতভাবে অংশগ্রহণ করতে পারেন; যদি আপনি আপস্টেটে থাকেন তাহলে আপনি ফোনের মাধ্যমে অংশগ্রহণ করতে পারেন। উভয়ভাবেই আপনার কাছে এই কনফারেন্সে কী ঘটছে তা জানার অধিকার আছে:

- ❖ **সার্ভিস প্ল্যান এবং সার্ভিস প্ল্যান রিভিউ (Service Plan & Service Plan Review, SPR):** এই সার্ভিস প্ল্যানগুলি আপনার বাচ্চার(দের) তাদের সুস্বাস্থ্য এবং সুস্থ বিকাশের জন্য কোন পরিষেবাগুলি প্রয়োজন এবং একটি পরিবার হিসেবে পুনর্মিলিত হওয়ার জন্য আপনার কোন পরিষেবাগুলি প্রয়োজন তা উল্লেখ করে। এই সার্ভিস প্ল্যানের মধ্যে এগুলি তালিকাভুক্ত: পরিষেবাসমূহ; যারা আবশ্যক রেফারেল করবেন; যে সময়সীমার মধ্যে এটি হওয়া উচিৎ; এটি অর্জন করার জন্য লক্ষ্য উদাহরণস্বরূপ, এই সার্ভিস প্ল্যানের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে আপনার দ্বারা একটি মাদক চিকিৎসা সম্পূর্ণ করা; আপনার এবং আপনার বাচ্চার মধ্যে নিয়মিত এবং প্রায়শই সাক্ষাৎ; থেরাপি গ্রহণকারী আপনার বাচ্চা; এবং আপনার মুক্তির পর পুনর্মিলন এবং গৃহের ব্যবস্থা করা। এই সার্ভিস প্ল্যানটি পরিবার দল সম্মেলন (Family Team Conference, FTC) বছরে দুই বার (প্রত্যেক ৬ মাসে) পর্যবেক্ষণ করা হয়। আপনার কাছে এই সভার ব্যাপারে জানার (2 সপ্তাহ আগে) এবং অংশগ্রহণ করার (অথবা আপনি কারারুদ্ধ থাকার সময় টেলি কনফারেন্সের মাধ্যমে অংশগ্রহণ করা) এবং আপনরা বাচ্চার(দের) ব্যাপারে সিদ্ধান্তে অংশগ্রহণ করার অধিকার আছে। আপনার কাছে এই পর্যবেক্ষণের 10 দিনের মধ্যে আপনার পরিবারের সার্ভিস প্ল্যানের প্রতিলিপি পাওয়ার অধিকার আছে।

## প্রায়শই ব্যবহৃত পালক পরিচর্যা শব্দাবলীর ব্যাখ্যা

- **কেসকর্মী:** ইনি হলেন সেই ব্যক্তি যিনি আপনার পরিবারের পালক পরিচর্যা কেসের ইনচার্জ। তিনি প্রত্যক্ষভাবে ACS-এর জন্য কাজ করেন অথবা ACS-এর জন্য কর্মরত একটি এজেন্সির জন্য কাজ করেন। অনেক ক্ষেত্রে, আপনার পরিবারের জন্য একাধিক কেসকর্মী নির্ধারিত থাকে।

- **নিকট আত্মীয়ের পরিচর্যা:** এই সময় ACS একজন আত্মীয়ের কাছে বাচ্চাকে রাখে যিনি পালক পিতা-মাতা হিসেবে লাইসেন্স-প্রাপ্ত। বাচ্চা আপনার আত্মীয়ের সঙ্গে থাকলেও এটি একটি পালক পরিচর্যা প্লেসমেন্ট। KinGap আত্মীয়দের সাথে পালক বাচ্চাদের স্থায়ী প্লেসমেন্টে সহায়তার জন্য তৈরি করা হয়েছে, যাদের সঙ্গে বাচ্চাদের রক্তের, বিবাহে, দত্তকের অথবা কল্পিত (রক্ত সম্পর্ক নয়) সম্পর্ক আছে। নিকট আত্মীয়ও KinGap সম্পদ হতে পারে।

- **স্থায়িত্ব পরিকল্পনা অথবা স্থায়িত্ব লক্ষ্য:** পালক পরিচর্যায় প্রত্যেকটি বাচ্চার কাছে একটি স্থায়িত্ব পরিকল্পনা এবং স্থায়িত্ব লক্ষ্য আছে। একটি স্থায়িত্ব পরিকল্পনা হলো এমন একটি পরিকল্পনা যা যতটা তাড়াতাড়ি সম্ভব প্রত্যেকটি বাচ্চার জন্য স্থির, স্থায়ী এবং নিরাপদ গৃহের নিশ্চয়তা প্রদান করে। পরিকল্পনাটি যা অর্জন করার প্রয়াস করছে তা হলো স্থায়িত্ব লক্ষ্য। অন্য অর্থে, নিকট ভবিষ্যতে আপনার জন্য সম্ভবত কী করা হবে এটি তা ব্যাখ্যা করে। উদাহরণস্বরূপ, আপনার কাছে ফিরে যাওয়া, একজন আত্মীয়ের কাছে যাওয়া, কারোর কাছে দত্তকে থাকা অথবা একজন স্বাধীন প্রাপ্তবয়স্ক হিসেবে জীবন নির্বাহ করা পর্যন্ত পালক পরিচর্যায় থাকা একটি বাচ্চার লক্ষ্য হতে পারে।

- **ফ্যামিলি টিম কনফারেন্স:** যদি আপনার বাড়ি থেকে আপনার বাচ্চাকে সরানো হয় (অথবা অন্য পরিচর্যাগ্রহণকারীর বাড়ি থেকে সরানো হয়), ACS একটি **72-ঘন্টার শিশু নিরাপত্তা কনফারেন্স** আয়োজন করবে, যেখানে আপনার বাচ্চার জীবনের সাথে যুক্ত ব্যক্তি এবং ACS এক সঙ্গে আপনার বাচ্চার স্বার্থে কোন বিষয়টি শ্রেষ্ঠ সেই সম্পর্কে আলোচনা করবে। এক মাস পর প্রথম কনফারেন্সের পর কী ঘটেছে তা পর্যবেক্ষণ করার উদ্দেশ্যে আপনার বাচ্চার জন্য পরিকল্পনা অব্যাহত রাখার জন্য একটি **30-দিনের পরিবার দল সম্মেলন** আয়োজিত হবে। এই কনফারেন্সে আপনার বাচ্চারা বাড়ির থেকে তাকে সরানোর কারণ, আপনার বাচ্চার জীবনযাপন সম্পর্কে আলোচনা করা হবে।



## পিতা-মাতাদের জন্য গুরুত্বপূর্ণ তথ্য

### পিতৃত্ব স্থাপন (ক্রমশ):

- যদি মাকে পরিষেবা দেওয়ার জন্য যুক্তিসঙ্গত এবং একাধিক প্রয়াস করা হয় এবং এগুলি পরিষেবার প্রদানের প্রয়াসের হলফনামার সাথে নথিবদ্ধ করা হয় তাহলে আদালাত "বিকল্প উপায়ে পরিষেবার" অনুমতি দিতে পারে, যার মধ্যে শেষ জ্ঞাত ঠিকানায় পত্র পাঠানো; স্থানীয় সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশনা; স্থানীয় ডাকঘরে একটি আইনিবিজ্ঞপ্তি লাগানো অন্তর্ভুক্ত থাকতে পারে।

- আদালতের তারিখে যদি মা সম্মতি জানান যে আপনি হলেন বাচ্চার পিতা, তাহলে বিচারপতি পিতৃত্ব প্রমাণিত হয়েছে বলে বিবেচনা করতে পারে। আপনার পিতৃত্ব সম্পর্কে যদি মা বিবাদ সৃষ্টি করেন তাহলে বিচারপতি পিতৃত্ব প্রমাণ করার জন্য DNA পরীক্ষণের আদেশ দিতে পারে, যার জন্য আপনাকে হয়তো অর্থ খরচ করতে হতে পারে।

- পিতৃত্ব প্রমাণিত হওয়ার পর আপনার কাছে আপনার বাচ্চার সঙ্গে সাক্ষাৎ অনুরোধ করার এবং স্থায়িত্ব পরিকল্পনা প্রক্রিয়ার যুক্ত থাকার অধিকার আছে (যদি এর বিরুদ্ধে কোনও আদালতের আদেশ থাকে)। যদি পিতৃত্ব প্রমাণিত না হয় তাহলে আপনার কাছে সাক্ষাতের এবং আপনার বাচ্চার স্থায়িত্ব পরিকল্পনা সম্পর্কে মতামত জানানোর কোনও অধিকার নেই। যদিও আপনার কাছে আপনার বাচ্চা সংক্রান্ত আদালতের প্রক্রিয়ার ব্যাপারে জানার অধিকার আছে; কারণের তালিকার ব্যাপারে আপনার উকিলকে জিজ্ঞাসা করুন যা আপনাকে একটি "বিজ্ঞপ্তি পিতা করে" তোলে।

- পিতৃত্বের স্বীকৃতি আপনাকে দত্তকগ্রহণ প্রক্রিয়া বন্ধ করার অধিকার প্রদান করে না। এরকম করার জন্য, আপনার কাছে আপনার বাচ্চার সঙ্গে "যথেষ্ট এবং পুনরাবৃত্ত যোগাযোগ" থাকতে হবে, যেমনটি যুক্তিসঙ্গত শিশু সহায়তার পেমেন্টে দেখানো হয়েছে অথবা পার বাচ্চার সাথে নিয়মিত যোগাযোগ (যদি এটি অন্য পক্ষ দ্বারা প্রতিরোধিত হয়)।

- কিভাবে আপনার বাচ্চার আইনি পিতা হয়ে উঠবেন সে ব্যাপারে আরও জানার জন্য অনুগ্রহ করে আপনার উকিলের সাথে কথা বলুন অথবা ACS ওকালতির অফিসের (ACS Office of Advocacy) সাথে যোগাযোগ করুন। আরও তথ্যের জন্য পৃষ্ঠা 25 দেখুন।

## পিতার জন্য গুরুত্বপূর্ণ তথ্য

### পিতৃত্ব প্রমাণ করার পর মুক্তির পর যদি আপনি আপনার বাচ্চার হেফাজত নিতে ইচ্ছুক হন:

- ❖ আপনার পরিকল্পনা এবং ইচ্ছার সম্পর্কে আপনার মুক্তির আগে আপনার কেসকর্মীর সাথে কথা বলুন।
- ❖ এর জন্য একটি আবেদনন অবশ্যই পারিবারিক আদালতে জমা করতে হবে। পিতৃত্ব প্রমাণ করার ক্ষেত্রে, মাকে আরও একবার হেফাজত আবেদনের একটি প্রতিলিপি পাঠাতে হবে। এটি পিতৃত্ব প্রমাণ করার মতো একই উপায়ে করা হয়।
- ❖ আদালত একটি এজেন্সিকে আপনার বাড়ির তদন্ত করার আদালত দ্বারা আদেশকৃত তদন্ত অথবা (Court Ordered Investigation, COI) এবং তাদের অনুসন্ধান ও সুপারিশের ওপর একটি রিপোর্ট জমা করার আদেশ দেবে।
- ❖ আপনার বাচ্চার উকিল, যাকে আইনি অভিভাবক বলা হয়, আপনার বাচ্চার ইচ্ছা জানার জন্য তার সাথে কথা বলবে, যদি উপযুক্ত হয়।

## শিশু সহায়তা

- ❖ পিতৃত্ব স্থাপিত হয়ে গেলে এবং পিতা শিশু সহায়তার জন্য দায়বদ্ধ হয়ে উঠলে, আপনার কাছে আপনার বাচ্চার সঙ্গে সাক্ষাৎ করার এবং তাদের হেফাজতে নেওয়ার অধিকার আছে।
- ❖ শিশু সহায়তা অনুরোধকারী মায়েদের কাছে যেন তাদের বাচ্চার বাচ্চার(দের) হেফাজত এবং জমা করার আদেশ অবশ্যই থাকতে হবে এবং এটি সংগ্রহ করার জন্য আদালতে একটি আবেদন করতে পারেন।
- ❖ বাচ্চার হেফাজতকারী আত্মীয় এবং বন্ধুরাও শিশু সহায়তার জন্য আবেদন জমা করতে পারে।
- ❖ শিশু সহায়তা সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে শিশু সাহয়তা বলবৎকরণ অফিসের সাথে যোগাযোগ করুন। (212) 226-7125



## প্রায়শই ব্যবহৃত পালক পরিচর্যা শব্দাবলীর ব্যাখ্যা

- ❖ **ACS:** শিশু সহায়তা পরিষেবার প্রশাসন (Administration for Children's Services, ACS) হলো নিউ ইয়র্ক সিটির শিশু কল্যাণ এজেন্সি. ACS বাচ্চা এবং পরিবারকে প্রত্যক্ষভাবে পরিষেবা প্রদান করে এবং এই পরিষেবা প্রদানকারী অনেকগুলি বিভিন্ন পালক পরিচর্যা এবং প্রতিরোধমূলক এজেন্সির সাথে কাজ করে। আপনার বাচ্চাকে এর মধ্যে একটি অথবা একাধিক এজেন্সির সাথে রাখা যেতে পারে। যদি আপনি নিউ ইয়র্ক সিটির বাইরে শিশু কল্যাণ পরিষেবার সাথে যুক্ত থাকেন, আপনার বাচ্চাকে সামাজিক পরিষেবার কাউন্টি বিভাগের (County Department of Social Services) কাছে রাখা হবে (ACS-এর কাছে নয়), যিনি আপনার বাচ্চার জন্য দায়বদ্ধ থাকবেন।

- ❖ **ASFA:** দত্তক এবং নিরাপদ পরিবার আইন (Adoption and Safe Families Act, ASFA) হলো 1997 সালে প্রণয়ন করা ফেডেরাল আইন। এই আইন উল্লেখ করে যে বাচ্চাদের স্থায়ী গৃহ দরকার এবং বছরের পর বছর ধরে তাদেরকে পালক পরিচর্যায় রাখার অনুমতি দেয় না। এটির অর্থ হলো আপনাকে বাচ্চার পালক পরিচর্যায় প্রবেশ করার পর ঠিক এক বছরের মধ্যে তাদের জন্য স্থায়ী ব্যবস্থা করতে হবে। এই ব্যবস্থাটিকে শিশু স্থায়িত্ব লক্ষ্য (নিচে বর্ণনা দেখুন) বলা হয় এবং আপনার কাছে, আপনার আত্মীয়ের কাছে অথবা আপনার বাচ্চার দত্তক প্রদান করতে পারে। আপনার কেস আরম্ভ হওয়ার 15 মাস পরও যদি আপনার বাচ্চা পালক পরিচর্যায় থাকে; তাহলে আপনার পিতৃত্বের অধিকার সমাপ্ত হওয়ার প্রচুর ঝুঁকি রয়েছে। একজন পিতা-মাতা হিসেবে আপনার অধিকার সুরক্ষিত রাখার জন্য আপনাকে দেখাতে হবে যে আপনার কাছে আপনার বাচ্চার জন্য স্থায়ী ব্যবস্থা আছে অথবা ব্যবস্থা করার প্রয়াস করছেন এবং আপনার বাচ্চা ও আপনার কেসকর্মীর সঙ্গে নিয়মিত যোগাযোগে রয়েছেন। একজন কারারুদ্ধ পিতা-মাতা হিসেবে আপনার জন্য, *যদি আপনি আপনার বাচ্চার সাথে পুনর্মিলন পরিকল্পনা করেন তাহলে আপনি আপনার বাচ্চার ভবিষ্যতের জন্য সক্রিয়ভাবে পরিকল্পনা করছেন তা দেখানো আপনার জন্য আগের চেয়ে অনেক বেশী গুরুত্বপূর্ণ।*